

জেন-জি'র প্রত্যাশা ও প্রাপ্তি নিয়ে জাতীয় প্রেস ক্লাবে গ্রাফিতি প্রদর্শনী ও মতবিনিময় সভা

ঢাকা: জেন-জি প্রজন্মের প্রত্যাশা, প্রাপ্তি এবং জুলাই আন্দোলনে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের অভিজ্ঞতা ও ভাবনা তুলে ধরতে জাতীয় প্রেস ক্লাবে একটি গ্রাফিতি প্রদর্শনী ও মতবিনিময় সভার আয়োজন করছে নীতি গবেষণা কেন্দ্র (এনজিকে)।

প্রতিষ্ঠানটির পক্ষ থেকে জানানো হয়েছে, আগামী ‘৩৬ জুলাই’ ২০২৫, শনিবার, বিকেল ৩টা থেকে ৫টা পর্যন্ত জাতীয় প্রেস ক্লাবের জুহুর হোসেন হলে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের শিরোনাম নির্ধারণ করা হয়েছে “জেন-জি’র প্রত্যাশা ও প্রাপ্তি: গ্রাফিতির আঁল্লায় ‘৩৬ জুলাই’”।

অনুষ্ঠানে মুখ্য আলোচক হিসেবে উপস্থিত থাকেন বাংলাদেশ সুপ্রিম কোর্টের এডভোকেট **মানজুর আল মতিন**। এছাড়া সরকারি বিশ্ববিদ্যালয়, বেসরকারি বিশ্ববিদ্যালয়, ইংরেজি মাধ্যম, বাংলা মাধ্যম এবং মাদ্রাসা শিক্ষাব্যবস্থার শিক্ষার্থী প্রতিনিধিরা আলোচক হিসেবে অংশ নেন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন নীতি গবেষণা কেন্দ্রের প্রধান নির্বাহী এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সরকার ও রাজনীতি বিভাগের সহযোগী অধ্যাপক **ড. শাকিল আহমেদ**।

আয়োজকদের ভাষ্য, এ আয়োজনের মাধ্যমে জুলাই আন্দোলনে অংশ নেওয়া শিক্ষার্থীদের প্রত্যাশা ও প্রাপ্তিকে কেন্দ্র করে একটি নীতি-ভিত্তিক গণতান্ত্রিক সংলাপের প্ল্যাটফর্ম তৈরি হবে। এতে নীতি-নির্ধারক, শিক্ষাবিদ, গবেষক, সিভিল সোসাইটির সদস্য এবং মিডিয়া ব্যক্তিত্বরা অংশ নিয়ে গঠনমূলক মতবিনিময়ের মাধ্যমে ভবিষ্যৎ নীতি প্রণয়নে সহায়ক ভূমিকা রাখতে পারবেন।